## ২০২১-২২ অর্থ বছরের পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সদস্যদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

**সভাপতি** : ড. তৌফিক হাসান
**সভার তারিখ:** ১৩ এপ্রিল ২০২২
**সময়** : ৩.০০ ঘটিকা
**সভার স্থান :** রুম নং-১২৪৬, পিকেএসএফ ভবন
**সভায় উপস্থিত সদস্যদের তালিকা:** পরিশিষ্ট-ক

সভার শুরুতে সভাপতি সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভায় ৪র্থ শিল্প বিপ্লব এবং পিকেএসএফ-এ সমন্বিত ডিজিটাল প্লাটফর্ম বাস্তবায়ন উদ্যোগ গ্রহণ সম্পর্কে বিস্তারিত আলোচনা হয় যা নিম্নে প্রদান করা হলো:

**চতুর্থ শিল্প বিপ্লব** হলো আধুনিক স্মার্ট প্রযুক্তি ব্যবহার করে প্রচলিত উৎপাদন এবং **শিল্প** ব্যবস্থার স্বয়ংক্রিয়করণের একটি চলমান প্রক্রিয়া। আজকের যুগের ডিজিটাল **বিপ্লব**, যাকে **চতুর্থ শিল্প বিপ্লব** হিসেবে গণ্য করা হচ্ছে। প্রথম শিল্পবিপ্লব হলো বাষ্পীয় ইঞ্জিন নিয়ে, দ্বিতীয় বিপ্লবটি বিদ্যুতের, তৃতীয়টি ইন্টারনেট ও কম্পিউটারবিষয়ক। চতুর্থ শিল্পবিপ্লব ঘটছে ইন্টারনেটের সঙ্গে বুদ্ধিমত্তা যোগের মাধ্যমে। ইন্টারনেটের আর্বিভাবে তৃতীয় শিল্পবিপ্লবের পর তথ্যপ্রযুক্তির বাধাহীন ব্যবহার ও দ্রুত তথ্য স্থানান্তরের মাধ্যমে গোটা বিশ্বের জীবন প্রবাহের গতি ব্যাপকভাবে বৃদ্ধি পেয়েছে। ইন্টারনেট অব থিংকিং (IOT) ও কৃত্রিম বুদ্ধিমত্তার (AI) ব্যবহার বাড়বে যেটি কিনা মানব সম্পদের বিকল্প হিসেবে কাজ করবে। এই ডিজিটাল বিপ্লবের ছোয়ায় উৎপাদন ব্যবস্থার ঘটবে অকল্পনীয় পরিবর্তন। যেখানে উৎপাদনের জন্য মানুষকে যন্ত্র চালাতে হবেনা, বরং যন্ত্র স্বয়ংক্রীয়ভাবে কর্ম সম্পাদন করবে এবং এর কাজ হবে আরও নিখুঁত ও নির্ভুল ।চিকিৎসা, যোগাযোগ, প্রকাশনা ইত্যাদি ক্ষেত্রেও এর প্রভাব হবে অত্যন্ত জোরালো।

চতুর্থ শিল্প বিপ্লব বিবেচনা করে পিকেএসএফ এবং সহযোগী সংস্থাসমূহের মধ্যে চলমান কার্যক্রম সম্পৃক্ত বিজনেজ প্রসেসসমূহ তথ্য প্রযুক্তির মাধ্যমে স্বয়ংক্রিয়করনসহ সমন্বিত তথ্য ব্যবস্থাপনা বাস্তবায়ন এবং চলমান আর্থিক লেনদেন ইলেকট্রনিক পদ্ধতিতে সম্পাদনের লক্ষ্যে পিকেএসএফ-এ সমন্বিত ডিজিটাল প্লাটফর্ম বাস্তবায়ন উদ্যোগ গ্রহণ করা হয়েছে। সমন্বিত ডিজিটাল প্লাটফর্ম বাস্তবায়নের ক্ষেত্রে প্রাথমিকভাবে যে সকল বিষয় বিবেচনা করা হয়েছে তা নিম্নে উল্লেখ করা হলো:

- পিকেএসএফ-এর অর্থায়ন কার্যক্রম ডিজিটালাইজড হবে। যাতে করে স্বচ্ছতার সাথে নৈতিকস্খলন (Moral Hazard) রোধ করে সকল ধরণের আর্থিক লেনদেন সম্পাদন করা যায়।
- পিকেএসএফ-এর সামগ্রিক কার্যক্রম সংক্রান্ত মনিটরিং সিস্টেম স্বয়ংক্রিয়করণের মাধ্যমে সর্ব্বোচ্চ স্বচ্ছতা ও দক্ষতা (Cost Effective) নিশ্চিত করা।
- পর্যায়ক্রমে Artificial Intelligence (AI)- এর মাধ্যমে সদস্যদের Credit Scoring নির্ণয় করে অর্থায়ন করা।

- সদস্যদের আর্থিক লেনদেন সম্পর্কিত আচরণ ও মানসিক অবস্থা বিশ্লেষণ করে Psychometric Profile প্রস্তুত করা। এটি সদস্যদের অনুকূলে সঠিক ফাইন্যান্সিং-এর ক্ষেত্রে অত্যন্ত সহায়ক হবে।
- ডিজিটাল মানি ব্যবহারের মাধ্যমে সদস্যদের ক্রয়-বিক্রয়সহ সকল ধরনের আর্থিক লেনদেন সহজ ও নিরাপদ করা।
- পিকেএসএফ থেকে অনলাইনে সহযোগী সংস্থার কার্যক্রম সার্বক্ষনিকভাবে সুপারভিশন ও মনিটরিং করা।
- সকল সহযোগী সংস্থার কার্যক্রম একক ডাটাবেজের মাধ্যমে পরিচালনা করা এবং পিকেএসএফ থেকে অনলাইনে কর্মসূচি ও প্রকল্পভিত্তিক সমন্বিত প্রতিবেদন প্রস্তুত করা।

পরিশেষে, সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৯/৪/২২

**(ড. তৌফিক হাসান)**
ইনোভেশন অফিসার ও
উপ-মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন)

**অনুলিপি:**

১.ইনোভেশন টিমের সদস্য (সকল)
২. সংশ্লিষ্ট নথি।

পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)
www.pksf-bd.org

পরিশিষ্ট: ক

## পিকেএসএফ-এর ইনোভেশন টিমের সভায় অংশগ্রহণকারী কর্মকর্তাদের স্বাক্ষর

| ক্রমিক নং | নাম | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ১ | ড. তৌফিক হাসান | উপ-মহাব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন) | [illegible] ১৩/৪/22 |
| ২ | জনাব মোঃ হুমায়ূন কবির | উপ-মহাব্যবস্থাপক (কার্যক্রম) | [illegible] 13/4/22 |
| ৩ | জনাব আবুল কালাম আজাদ | সহকারী মহাব্যবস্থাপক (কার্যক্রম) | |
| ৪ | জনাব মোঃ তারিকুল আলম | ব্যবস্থাপক (আইএন্ডটি) | [illegible] |
| ৫ | জনাব কামরুন্নাহার | ব্যবস্থাপক (গবেষণা ও উন্নয়ন) | Kam[illegible] 13/4/22 |
| ৬ | জনাব মোঃ নাজমুল হাসান | উপ-ব্যবস্থাপক (আইএন্ডটি) | [illegible] ১৩/০৪/22 |

পিকেএসএফ ভবন, ই-৪/বি আগারগাঁও প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭, বাংলাদেশ
ফোন: ৮৮০-২-৮১৮১৬৫৮-৬১, ৮১৮১৬৬৪-৯, ৮১৮১১৬৯ ফ্যাক্স: ৮৮০-২-৮১৮১৬৭১, ৮১৮১৬৭৮ ই-মেইল: pksf@pksf-bd.org; www.facebook.com/PKSF.org